

## একটা ছোট্ট অনুরোধ

পীযুষ ঘোষ  
(ডিসেম্বর, ২০০৮)

আমি পড়তে চাই !

খট খটে রোদে, পাগল বর্ষায়, স্বার্থপর শীতেও আমি পড়তে চাই  
কালো আকাশ, ভীড়ে ভরা পথ, পথে মানুষের জামা টানাটানি, ঘরে ঘরে অন্ধকার  
তবু, তবু আমি পড়তে চাই  
আমাকে তোমরা ‘না’ বোলোনা।

পড়াশুনার মধ্যেই আমি সেই বিস্ময় আপেলে কামড় দিতে চাই  
পড়াশুনা করেই সাদা আলোয় সাতটা রঙের আল্পনা কাটতে চাই  
আমি পড়তে চাই  
আমি তোমাদের ওই মিষ্টি মিনির মিষ্টি হাসি বুক ভরে দেখতে চাই  
চাই রোমিও-জুলিয়েটের নিখাদ ভালোবাসার সাক্ষী হতে  
আমি চাই ওই অনু-পরমানুর ঘূর্ণীয়মান সংসারের একজন হতে  
চাই দড়ির মত প্যাঁচানো ডি-এন-এ টাকে হ্যাঁচকা টানে খুলে দিতে  
আমি চাই মঙ্গলের আকাশে ঘুঁড়ি ওড়াতে  
চাই দূর দেশে আমার বন্ধুকে মিনিটে পঞ্চাশটা চিঠি পাঠাতে  
আমি চাই তোমাদের অ্যাকোয়েরিয়ামের সোনালি মাছটিকে মহাসমুদ্রের মহাতলে ছেড়ে দিয়ে আসতে  
চাই আমার দেশের তিনটি রঙ নিয়ে বিদেশের মাটিতে ছুটে বেড়াতে, সবার আগে পৌঁছে আমার নাম লেখাতে, আমার দেশের  
নাম লেখাতে।

শুধু বলি, আমায় পড়তে দাও

অবহেলিতদের দলে, অশিক্ষিতদের দলে, ক্ষুধার্তদের দলে ঠেলে দিওনা  
সাঁতার কাটতে কাটতে হঠাৎ একদিন ডুবে যাব  
কাবুলিওয়ালার মিনির সঙ্গে আর দেখা হবেনা  
তাই একটা অনুরোধ,  
আমায়, আমায় পড়তে দাও।